

১৫. “প্রেম ও প্রিয়া”

বলে ভালবাসার প্রিয়া

এ জীবন মন সকলি দিয়া

স্বখাত সলিলে কৌদালে কেবলি হিয়া।

ভেবেছ বুঝি ঐ তো মধুর মুরতি

হেরিছ সদা জীবন প্রাতে

গাহিয়া দক্ষিণা গীতি।

প্রেম স্মৃতি নীড়ে

যারে হৃদয় ভরে দিলে ঠাই,

মিছে স্বপনে কাটালে রাতি

প্রাতে শূন্য তাই।

তীরার দিপালী বন্ধু সকলি

সুসময়ে অনেক হয়,

অসময়ে হয় হয় কেউ কারো নয়।

মরীচিকা পিছু ছুটে

মিলে না দিশা,

মিছে প্রেমে কৌদিলে

মিটে না প্রেম তৃষা।

প্রেম এখন কামনার ফ্রেমের

অস্বচ্ছ কাঁচে বাঁধা,

হরিষে বাজিলে নুপুর

বাজে আঁধা আঁধা।

প্রিয়ার হিয়া এখন
ভরা কাঁটা ঘাসে
সে এখন ভালবাসে
অংক কষে।
প্রিয়ার মনে আজ
শত চোরা গলি;
তার মনে আর নেই
প্রেমের বিশ্বাস।